
# যুক্তরাষ্ট্রের ১০ তেলবাহী ট্যাংকারকে হরমুজ পারাপারের অনুমতি দিল ইরান



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের ১০টি তেলবাহী জাহাজকে হরমুজ প্রণালি অতিক্রমের অনুমতি দিয়েছে ইরান, যা দুই দেশের মধ্যে চলমান কূটনৈতিক আলোচনায় একটি ইতিবাচক বার্তা হিসেবে দেখা হচ্ছে।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মন্ত্রিসভার বৈঠকে দাবি করেন, শান্তি আলোচনায় সদিচ্ছা দেখাতে ইরান এই সিদ্ধান্ত নিয়েছে। তার ভাষায়, পাকিস্তানের পতাকাবাহী এসব ট্যাংকার চলাচলের অনুমতি দেওয়া যুক্তরাষ্ট্রের জন্য এক ধরনের "উপহার"। বিষয়টি আন্তর্জাতিক সংবাদমাধ্যম রয়টার্স এক প্রতিবেদনে তুলে ধরে।

ট্রাম্প আরও বলেন, সম্প্রতি ইরান তাকে একটি মূল্যবান উপহার পাঠানোর কথা জানিয়েছিল, যদিও সেই উপহারের বিস্তারিত তিনি প্রকাশ করেননি।

অন্যদিকে তেহরান দাবি করছে, আলোচনার প্রতি তাদের আন্তরিকতা প্রমাণের অংশ হিসেবেই প্রথমে ৮টি বড় তেলবাহী জাহাজকে হরমুজ প্রণালি পার হওয়ার অনুমতি দেওয়া হয়। পরবর্তীতে আরও দুটি জাহাজের জন্যও একই অনুমতি দেওয়া হয়। সবগুলো জাহাজই পাকিস্তানের পতাকাবাহী হিসেবে পরিচালিত হচ্ছে।

LENS ASIA